



## বন্যার মধ্যমেয়াদী পূর্বাভাস সম্পর্কিত প্রতিবেদন

আগস্ট ১১, ২০২৪ খ্রি.



আবহাওয়া সংস্থাসমূহের তথ্যানুযায়ী, মৌসুমী বায়ু দেশের উপর মোটামুটি সক্রিয় এবং উত্তর-বঙ্গোপসাগরে মাঝারী অবস্থায় রয়েছে। তৎপ্রেক্ষিতে, বৃষ্টিপাতের পূর্বাভাসের ভিত্তিতে দেশের প্রধান নদ-নদীসমূহের আগামী ৭ দিনের (আগস্ট ১১ হতে আগস্ট ১৮, ২০২৪ খ্রিঃ পর্যন্ত) নদী-অববাহিকা ও অঞ্চল ভিত্তিক বন্যার ধারণাগত মধ্যমেয়াদী পূর্বাভাস নিম্নে বর্ণিত হলো।

### ব্রহ্মপুত্র-যমুনা অববাহিকাত্ত উত্তরাঞ্চল, উত্তর-পশ্চিমাঞ্চল ও উত্তর মধ্যাঞ্চলঃ

- বর্তমানে দেশের ব্রহ্মপুত্র-যমুনা অববাহিকার সকল নদ-নদীসমূহের পানি সমতল সকল পয়েন্টে বিপদসীমার নিচ দিয়ে প্রবাহিত হচ্ছে। ১১ আগস্ট হতে ১৮ আগস্ট, ২০২৪ খ্রি. মেয়াদে দেশের ব্রহ্মপুত্র-যমুনা নদ-নদীর পানি সমতল সার্বিকভাবে বৃদ্ধি পেয়ে স্বাভাবিক প্রবাহ বিরাজমান থাকতে পারে। এক্ষেত্রে, পানি সমতল বিপদসীমা অতিক্রম করে বন্যা পরিস্থিতি সৃষ্টি হবার সম্ভাবনা নেই।
- এ মেয়াদে দেশের উত্তরাঞ্চলের তিস্তা, ধরলা, দুধকুমার ও ঘাঘট নদীসমূহের স্বাভাবিক প্রবাহ বজায় থাকতে পারে। এছাড়াও, এ মেয়াদে দেশের উত্তরাঞ্চল ও উত্তর-পশ্চিমাঞ্চলের যমুনেশ্বরী, করতোয়া, বাঙ্গালী, আপার করতোয়া, পুনর্ভবা, টাঙ্গান, ইছামতি-যমুনা, আত্রাই, মহানন্দা এবং ছোট যমুনা নদীসমূহের স্বাভাবিক প্রবাহ বজায় থাকতে পারে। তবে, দেশের অভ্যন্তরে এবং তৎসংলগ্ন উজানে ভারী বৃষ্টিপাতের প্রভাবে এসকল নদীসমূহের পানি সমতল সময় বিশেষে স্বল্প-মেয়াদে বৃদ্ধি পেতে পারে, এক্ষেত্রে পানি সমতল বিপদসীমা অতিক্রম করে বন্যা পরিস্থিতি সৃষ্টি হবার সম্ভাবনা ক্ষীণ।

### গঙ্গা-পদ্মা অববাহিকাত্ত উত্তর-পশ্চিমাঞ্চল ও মধ্যাঞ্চলঃ


- বর্তমানে গঙ্গা-পদ্মা নদী বিপদসীমার নিচ দিয়ে প্রবাহিত হচ্ছে। ১১ আগস্ট হতে ১৮ আগস্ট, ২০২৪ খ্রি. মেয়াদে দেশের গঙ্গা-পদ্মা নদীসমূহের পানি সমতল সার্বিকভাবে বৃদ্ধি পেয়ে স্বাভাবিক প্রবাহ বিরাজমান থাকতে পারে। এক্ষেত্রে, পানি সমতল বিপদসীমা অতিক্রম করে বন্যা পরিস্থিতি সৃষ্টি হবার সম্ভাবনা নেই।



চিত্র-২: যমুনা নদীর বাহাদুরাবাদ এবং গঙ্গা নদীর হার্ডিঞ্জ-রিজ পয়েন্টে মধ্যমেয়াদী প্রবাহ পূর্বাভাস

## মেঘনা অববাহিকাজুত উত্তর-পূর্বাঞ্চলঃ

- বর্তমানে মেঘনা অববাহিকাজুত সকল নদীসমূহ বিপদসীমার নীচ দিয়ে প্রবাহিত হচ্ছে। ১১ আগস্ট হতে ১৮ আগস্ট, ২০২৪ খ্রি. মেয়াদে অববাহিকার প্রধান নদীসমূহের পানি সমতল সার্বিকভাবে স্থিতিশীল থাকতে পারে। তবে, উজানে ভারী বৃষ্টিপাতের প্রভাবে অববাহিকার প্রধান নদীসমূহের পানি সমতল কতিপয় পয়েন্টে সময় বিশেষে স্বল্প মেয়াদে বৃদ্ধি পেতে পারে। এ সময়ে, অববাহিকার প্রধান নদী সমূহের পানি সমতল বিপদসীমা অতিক্রমের সম্ভাবনা ক্ষীণ।



চিত্র-৩: শেওলা এবং সিলেট পয়েন্টে যথাক্রমে কুশিয়ারা এবং সুরমা নদীর মধ্যমেয়াদী প্রবাহ পূর্বাভাস

## দক্ষিণ-পূর্ব পাহাড়ী অববাহিকাজুত দক্ষিণ-পূর্ব পার্বত্য অঞ্চলঃ

- এ অববাহিকার সকল নদীসমূহ বিপদসীমার নীচ দিয়ে প্রবাহিত হচ্ছে। ১১ আগস্ট হতে ১৮ আগস্ট, ২০২৪ খ্রি. মেয়াদে এ অববাহিকার নদী সমূহের স্বাভাবিক প্রবাহ বিরাজমান থাকতে পারে। এছাড়া, ভারী বৃষ্টিপাতের প্রভাবে অববাহিকার প্রধান নদীসমূহের পানি সমতল কতিপয় পয়েন্টে সময় বিশেষে স্বল্প মেয়াদে বৃদ্ধি পেতে পারে।

বন্যা সম্পর্কিত তথ্যের জন্য নিম্নোক্ত নম্বরে যোগাযোগ করার  
জন্য অনুরোধ করা হল:

০১৫৫২-৩৫৩৪৩৩, ০১৫৫৯-৭২৮১৫৮, ০১৭৬৫-৪০৫৫৭৬

(সরদার উদয় রায়হান)

নির্বাহী প্রকৌশলী

বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র  
বাপাউবো, ঢাকা

- বন্যা পূর্বাভাস সংক্রান্ত সর্বশেষ তথ্য পেতে ওয়েবসাইট ([www.ffwc.gov.bd](http://www.ffwc.gov.bd)), IVR (১০৯০-৫) এবং এন্ড্রয়েড ভিত্তিক BWDB Flood Apps এ দৃষ্টি রাখার জন্য অনুরোধ করা হলো।
- বন্যা পূর্বাভাস সংক্রান্ত তথ্য গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের ওয়েব পোর্টাল এবং কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের বাংলাদেশ কৃষি আবহাওয়া তথ্য পোর্টালে (BAMIS) নিয়মিত হালনাগাদ করা হচ্ছে।
- বন্যা পূর্বাভাস এখন Google Search ও Google Map এ Flood Alert হিসেবে পাওয়া যাচ্ছে এবং যে কোন অ্যান্ড্রয়েড ভিত্তিক স্মার্টফোনে Push Notification হিসেবে এই সেবা পাওয়া যাবে।
- চলমান বন্যার সকল ফ্লাড এলাচ দেখার জন্য [g.co/floodalerts](http://g.co/floodalerts) এবং স্থানীয় তথ্যের জন্য [g.co/floodhub](http://g.co/floodhub) এ ভিজিট করুন।